

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০২৯(আগরতলা, ১২।৯)
ধর্মনগর, ১২ সেপ্টেম্বর, ২০১৭

১৪-১৫ সেপ্টেম্বর রাজ্য ভিত্তিক জুডো প্রতিযোগিতা

ধর্মনগর সরকারী উচ্চতর বালিকা বিদ্যালয়ের অডিটোরিয়ামে আগামী ১৪-১৫ সেপ্টেম্বর রাজ্য ভিত্তিক জুডো প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার উদ্বোধন হবে ধর্মনগর বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে ১৪ সেপ্টেম্বর বিকাল ৫টায়। উদ্বোধন করবেন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের কার্যনির্বাহী সদস্য পরীক্ষিত মুড়াসিং। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি প্রতিমা দাস। সম্মানিত অতিথি হিসাবে প্রাক্তন বিধায়ক অমিতাভ দত্ত ও ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মানিক লাল নাথ উপস্থিত থাকবেন। ধর্মনগর জুডো অ্যাসোসিয়েশন এর উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন উত্তর ত্রিপুরা জেলার জেলা শাসক শরদিন্দু চৌধুরী, জেলার পুলিশ সুপার মানিক দাস এবং রাজ্য জুডো অ্যাসোসিয়েশনের সম্পাদক ধীমান বিশ্বাস। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন শক্তি ভট্টাচার্য। উল্লেখ্য বিবেকানন্দ সার্ধশত বার্ষিকী ভবনে জুডো প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানের পর সন্ধ্যা ৭টা থেকে ধর্মনগর সরকারী উচ্চতর বালিকা বিদ্যালয়ের অডিটোরিয়ামে জুডো প্রতিযোগিতা হবে।

D.N

This document was converted to PDF by
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com